

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬২৯

১/ বিবিধ

আরবী

من بات على طهارة ثم مات من ليلته مات شهيداً  
موضوع

رواه ابن السني في " عمل اليوم والليلة " (رقم 729) عن سليمان بن سلمة الخبائري  
(الأصل: الجنائزي وهو تصحيف) : حدثنا يونس بن عطاء بن عثمان بن سعيد بن  
زياد بن الحارث الصدائي  
حدثنا سلمة الليثي وشريك بن أبي نمر قالوا: حدثنا أنس بن مالك مرفوعاً. قلت: وهذا  
سند موضوع، سليمان هذا قال ابن الجنيدي: " كان يكذب  
ويونس بن عطاء قال ابن حبان: " يروي العجائب، لا يجوز الاحتجاج بخبره ". وقال  
الحاكم وأبو سعيد النقاش وأبو نعيم: " روى عن حميد الطويل الموضوعات  
قلت: ومع هذا فقد أورد الحديث السيوطي في " الجامع الصغير " عن ابن السني! ولم  
يتعقبه المناوي بشيء! فلا أدري ما فائدة تسويد الصحيفة بإيراده أحاديث هؤلاء  
الكذابين

বাংলা

৬২৯ যে ব্যক্তি পবিত্র অবস্থায় রাত্রি যাপন করবে, অতঃপর সে রাতেই মারা যাবে সে শহীদ হিসাবে মৃত্যু বরণ করল।

হাদীছটি জাল।

এটি ইবনুস সুন্নী "আমলুল ইয়াওয়াম ওয়াল লাইলাহ" (নং ৭২৯) গ্রন্থে সুলায়মান ইবনু সালামা আল-খাবায়েরী হতে তিনি ইউনুস ইবনু আতা হতে তিনি সালামা আল-লাইহী এবং গুরায়িক ইবনু আবী নামর হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। সুলায়মান সম্পর্কে ইবনুল জুনায়েদ বলেনঃ তিনি মিথ্যা বলতেন। ইউনুস ইবনু আতা সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি আশ্চর্যজনক হাদীছ বর্ণনাকারী, তার হাদীছ দ্বারা দলীল গ্রহণ করা না জায়েয। হাকিম, আবু সাঈদ নাক্কাস ও আবু নোয়াইম বলেনঃ তিনি হুমায়েদ আত-তাবীল হতে জাল হাদীছ বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুযুতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে ইবনুস সুন্নীর উদ্ধৃতিতে উল্লেখ করেছেন মানবীও কোন প্রকার সমালোচনা করেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71508>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন